গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
বাকেরগঞ্জ, বরিশাল।
E-mail: useobakerganj@gmail.com


স্মারক নং-৩৭.০২.০৬০৭.০০১.৩২.০১.২০২৬-৮৬

তারিখ ঃ ২৬ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
১১ মার্চ, ২০২৬ খ্রি.

বিষয় ঃ "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬" উদযাপনের অংশ হিসেবে উপজেলা পর্যায়ের কুচকাওয়াজ ও ডিসপ্লেতে অংশগ্রহণ প্রসংগে।

সূত্র ঃ "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস -২০২৬" বকেরগঞ্জা উপজেলা পর্যায়ে উদযাপন উপলক্ষ্যে ১১/০৩/২০২৬ খ্রি. তারিখের প্রস্তুতি সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬" উদযাপনের অংশ হিসেবে বাকেরগঞ্জ পৌরসভাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহ হতে অনধিক ২০ জন করে শিক্ষার্থী নিয়ে প্রতিষ্ঠানের নামাঙ্কিত প্লাকার্ড, নিজস্ব ইউনিফর্ম এবং প্রয়োজনীয় সরঞ্জামাদি (বাদ্যযন্ত্র/ড্রাম সেট, ডিস্প্লেতে ব্যবহার্য সাজ-সরঞ্জাম ইত্যাদি) সহ আগামী ২৬ মার্চ, ২০২৬ খ্রি. তারিখ সকাল ৭.৪৫ ঘটিকার মধ্যে জীবন সিংহ ইউনিয়ন মডেল হাই স্কুল মাঠে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো। জীবন সিংহ ইউনিয়ন মডেল হাই স্কুল এর স্কাউট দল এবং বাকেরগঞ্জ সরকারি বালিকা মাধ্যমিক বিদ্যালয় এর গার্ল গাইড দলের সদস্যগণের প্রয়োজনীয় ইউনিফর্ম ও বাদ্যযন্ত্রসহ মাঠে উপস্থিতি নিশ্চিতকরনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ জানানো হলো। এছাড়া স্বাধীনতা দিবসের দিন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ কর্তৃক মাঠে উপস্থাপনের জন্য নিধ্যারিত ডিসপ্লের বিষয়বস্তু আগামী ২৫/০৩/২০২৬ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট উপ-কমিটির আহবায়কের নিকট লিখিতভাবে জমাদানসহ ঐদিনই বিকাল ৩.০০ ঘটিকার সময় জীবন সিংহ ইউনিয়ন মডেল হাই স্কুল মাঠে উপস্থিত হয়ে মহড়ায় অংশগ্রহণের ব্যবস্থা নেয়ার জন্যও অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, উপজেলা প্রশাসন কর্তৃক অয়োজিত কেন্দ্রীয় কর্মসূচিতে অংশগ্রহণকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ব্যতিত উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিভন্ন কর্মসূচির মাধ্যমে যথাযথ মর্যাদায় দিবসটি উদযাপনের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরী।

খন্দকার আমিনুল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,
------------------------------------------------------------ কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা (সকল)
বাকেরগঞ্জ, বরিশাল।

স্মারক নং-৩৭.০২.০৬০৭.০০১.৩২.০১.২০২৬-৮৬

তারিখ ঃ ২৬ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
১১ মার্চ, ২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল ।
০২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল (তাঁকে উপজেলাধীন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের কুচকাওয়াজ ও ডিসপ্লেতে অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো)।
০৩। ............................................কর্মকর্তা ও সদস্য, এতদ্সংক্রান্ত উপ-কমিটি (তাঁকে ২৫/০৩/২০২৬ খ্রি. তারিখ মাঠে উপস্থিত থেকে মহড়া পরিচালনায় সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হলো)।
০৪। নথি ।

খন্দকার আমিনুল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
বাকেরগঞ্জ, বরিশাল।
E-mail: useobakerganj@gmail.com

স্মারক নং-৩৭.০২.০৬০৭.০০১.৩২.০১.২০২৬-৬৪

তারিখ ঃ ২৬ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
১১ মার্চ, ২০২৬ খ্রি.

বিষয় ঃ "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬" উদযাপনের অংশ হিসেবে উপজেলা পর্যায়ের চিত্রাঙ্কন, রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসংগে।

সূত্র ঃ "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস -২০২৬" বকেরগঞ্জা উপজেলা পর্যায়ে উদযাপন উপলক্ষ্যে ১১/০৩/২০২৬ খ্রি. তারিখের প্রস্তুতি সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাকেরগঞ্জ উপজেলা প্রশাসন কর্তৃক অয়োজিত "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬" উদযাপনের অংশ হিসেবে উপজেলা পর্যায়ের চিত্রাঙ্কন, রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে নিম্ন বর্ণিত গ্রুপ ও বিষয় ভিত্তিক আপনার প্রতিষ্ঠানের আগ্রহী শিক্ষার্থীদের আগামী ২৫/০৩/২০২৬ খ্রি. তারিখ সকাল ১১.৩০ ঘটিকার সময় বাকেরগঞ্জ জীবন সিংহ ইউনিয়ন মডেল হাই স্কুল-এ উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।

বিষয়ঃ চিত্রাঙ্কন, রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা ঃ

| গ্রুপ/ বিভাগ | পর্যায়/শ্রেণি | প্রতিযোগিতার বিষয় | উপজীব্য বিষয় | স্থান ও সময় |
|---|---|---|---|---|
| ক | প্রাথমিক পর্যায় (১ম-২য় শ্রেণি পর্যন্ত) | চিত্রাঙ্কন | বাংলাদেশের জাতীয় পতাকা | স্থানঃ বাকেরগঞ্জ জীবন সিংহ ইউনিয়ন মডেল হাই স্কুল, বাকেরগঞ্জ, বরিশাল। তারিখঃ ২৫ মার্চ, ২০২৬ খ্রি. সময়ঃ সকাল ১১.৩০ টা |
| খ | প্রাথমিক পর্যায় (৩য়-৫ম শ্রেণি পর্যন্ত) | চিত্রাঙ্কন | বাংলাদেশের মানচিত্র (বিভাগ চিহ্নিতকরনসহ) | |
| গ | মাধ্যমিক পর্যায় (৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত) | রচনা | বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ | |
| ঘ | মাধ্যমিক পর্যায় (৯ম-১০ম শ্রেণি পর্যন্ত) | উপস্থিত বক্তৃতা | বাংলাদেশের ইতিহাস, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিষয়ক | |
| ঙ | উচ্চ মাধ্যমিক পর্যায় (১১শ-১২শ শ্রেণি পর্যন্ত) | উপস্থিত বক্তৃতা | | |

আমিনুল ১১.০৩.২৬

খন্দকার আমিনুল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,
--------------------------------------------------------কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা (সকল)
বাকেরগঞ্জ, বরিশাল।

স্মারক নং-৩৭.০২.০৬০৭.০০১.৩২.০১.২০২৬- ৬৪

তারিখ ঃ ২৬ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
১১ মার্চ, ২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
০২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল ( তাঁকে উপজেলাধীন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো)।
০৩। ............................................কর্মকর্তা ও সদস্য, এতদ্বসংক্রান্ত উপ-কমিটি (তাঁকে যথাসময়ে প্রতিযোগিতা স্থলে উপস্থিত থেকে প্রতিযোগিতা সম্পন্নকরনে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হলো)।
০৪। নথি।

আমিনুল ১১.০৩.২৬

খন্দকার আমিনুল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।